



২২ হাজার রোহিঙ্গার হাতে বাংলাদেশি পাসপোর্ট তুলে দিল সরকার



এআই ছবি।

সৌদি আরবে বসবাসরত প্রায় ২২ হাজার রোহিঙ্গাকে বাংলাদেশি পাসপোর্ট প্রদান করা হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।

সোমবার (২০ এপ্রিল) সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ড. আবদুল্লাহ জাফর বিন আবিয়াহর সঙ্গে সৌজন্য সাক্ষাতে তিনি এ তথ্য জানান। পরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা ফয়সল হাসান বিষয়টি নিশ্চিত করেন।

সালাহউদ্দিন আহমদ বলেন, প্রয়োজনীয় নথি ও যাচাই-বাছাই শেষে এখন পর্যন্ত ২২ হাজার রোহিঙ্গাকে বাংলাদেশি পাসপোর্ট দেওয়া হয়েছে। এ প্রক্রিয়ায় বিশেষ টিম কাজ করছে এবং কোনো ধরনের অনিয়ম সহ্য করা হবে না বলেও তিনি সতর্ক করেন।

তিনি আরও জানান, যাদের বৈধ কাগজপত্র রয়েছে তাদের দ্রুত সেবা দেওয়া হবে এবং সৌদি আরব থেকে পূর্ণাঙ্গ তালিকা নিয়ে পুনরায় যাচাই-বাছাই করা হবে।

LENS ASIA